

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
দুর্যোগ ব্যবস্থাপনা শাখা  
দেবিদ্বার, কুমিল্লা

স্মারক নং- ৫১.০১.১৯৪০.০০০.৯৬.০০১.২০- ২০৬/২

তারিখঃ ০১-০৪-২০২১খ্রিঃ

বিষয়ঃ ২০২০-২০২১ অর্থবছরে অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচির (২য় পর্যায়) উপকারভোগী, শ্রম মজুরী ও সরদার মজুরির অর্থ উপ- বরাদ্দ সহ উপকারভোগীর (শ্রমিক) ও প্রকল্প তালিকা প্রেরণ

সূত্রঃ দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের স্মারক নং-৫১.০১.০০০০.০১৯.৯৬.০০৬.২০-১০ তারিখঃ ২৪-০৩-২০২১খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২০-২০২১ অর্থবছরে “অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান” কর্মসূচির আওতায় (২য় পর্যায়) এ উপজেলায় ৪০৭৪ জন উপকারভোগীর শ্রম এবং সরদার মজুরির অর্থ বরাদ্দ দেয়া হয়েছে। বরাদ্দকৃত উপকারভোগীর সংখ্যা এবং শ্রম ও সরদার মজুরির অর্থ দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের বিভাজন মোতাবেক নিম্নবর্ণিত হারে ইউনিয়ন ভিত্তিক উপ-বরাদ্দ প্রদান করা হল।

| ক্রমিক নং | ইউনিয়নের নাম  | উপকারভোগীর সংখ্যা | শ্রম মজুরি (টাকা) | সরদার মজুরি (টাকা) |
|-----------|----------------|-------------------|-------------------|--------------------|
| ০১        | বড়শালঘর       | ২৩৩               | ১৮৬৪০০০.০০        | ১৮০০০.০০           |
| ০২        | ইউসুফপুর       | ২৬৩               | ২১০৪০০০.০০        | ১৮০০০.০০           |
| ০৩        | রসুলপুর        | ২৪৯               | ১৯৯২০০০.০০        | ১৮০০০.০০           |
| ০৪        | সুবিল          | ২৪৯               | ১৯৯২০০০.০০        | ১৮০০০.০০           |
| ০৫        | ফতেহাবাদ       | ৪২৩               | ৩৩৮৪০০০.০০        | ১৮০০০.০০           |
| ০৬        | এলাহাবাদ       | ৩১১               | ২৪৮৮০০০.০০        | ১৮০০০.০০           |
| ০৭        | জাফরগঞ্জ       | ১৮৯               | ১৫১২০০০.০০        | ১৮০০০.০০           |
| ০৮        | গুনাইঘর উত্তর  | ২২৯               | ১৮৩২০০০.০০        | ১৮০০০.০০           |
| ০৯        | গুনাইঘর দক্ষিণ | ২৩৫               | ১৮৮০০০০.০০        | ১৮০০০.০০           |
| ১০        | রাজামেহার      | ২৭২               | ২১৭৬০০০.০০        | ১৮০০০.০০           |
| ১১        | ভানী           | ২৭১               | ২১৬৮০০০.০০        | ১৮০০০.০০           |
| ১২        | ধামতী          | ২৫৫               | ২০৪০০০০.০০        | ১৮০০০.০০           |
| ১৩        | সুলতানপুর      | ২৮৮               | ২৩০৪০০০.০০        | ১৮০০০.০০           |
| ১৪        | বরকামতা        | ৩৩৩               | ২৬৬৪০০০.০০        | ১৮০০০.০০           |
| ১৫        | মোহনপুর        | ২৭৪               | ২১৯২০০০.০০        | ১৮০০০.০০           |
|           | মোট=           | ৪০৭৪              | ৩২৫৯২০০০.০০       | ২৭০০০০.০০          |

শর্তাবলীঃ

- এ কর্মসূচি বাস্তবায়নে অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচির নির্দেশিকা অনুসরণ করে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করতে হবে।
- নির্দেশিকা বর্ণিত প্রকল্পের প্রকৃতি ধরণ অনুযায়ী অগ্রাধিকার ভিত্তিতে সামাজিক প্রকল্প এবং নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন সম্পন্ন করতে হবে।
- এ কর্মসূচির আওতায় সেচ কাজের জন্য এবং জলাবদ্ধতা নিরসনের জন্য খাল/ নালা খনন/পুনঃ খনন, বাধ নির্মাণ/ পুণঃ নির্মাণ সর্বসাধারণের ব্যবহারযোগ্য সরকারি প্রাতিষ্ঠানিক পুকুর খনন/পুণঃ খনন বিভিন্ন শিক্ষা, সামাজিক ও ধর্মীয় প্রতিষ্ঠানের প্রাপ্তগণে মাটি ভরাট, ঘূর্ণিঝড় আশ্রয় কেন্দ্রের নিকটবর্তী স্থানে ঘূর্ণিঝড় ও জলোচ্ছ্বাসের সময় প্রাণিসম্পদের আশ্রয়ের জন্য মাটি ভরাট, মটির কিল্লা নির্মাণ ও পুণঃ নির্মাণ, গ্রামীণ রাস্তা মেরামত/ সংস্কার প্রকল্প গ্রহণ করা যাবে।
- একটি প্রকল্পে সর্বনিম্ন ২৫ (পঁচিশ) জন উপকারভোগীর কম নেয়া যাবে না।
- একটি ইউনিয়নে সর্বোচ্চ ০৯ (নয়)টি প্রকল্পের অধিক নেয়া যাবে না।
- ইউনিয়নের উপকারভোগীর তালিকা, প্রকল্প তালিকা এবং প্রকল্প ভিত্তিক উপকারভোগীর (শ্রমিক) তালিকা এবং প্রকল্প তালিকা নির্ধারিত ফরমে কম্পিউটার কম্পোজ করে সভার কার্যবিবরণী সহ হার্ড কপি ও সফট কপি দাখিল করতে হবে।
- তালিকাভুক্ত মোট উপকারভোগীদের ৩৩% মহিলা হতে হবে। পূর্ববর্তী বছরের/ ফেজের উপকারভোগীর পরবর্তী বছর/ ফেজের পরিবর্তন করা যাবে না। তবে কোন উপকারভোগীর মৃত্যু হলে অথবা কাজ করতে অক্ষম হলে সে ক্ষেত্রে তার পরিবারের সদস্যকে উপকারভোগী নির্বাচনের যোগ্য তাঁর স্থলে অন্তর্ভুক্ত করা যাবে। পরিবারের সদস্য বলতে স্ত্রী, স্বামী, পুত্র, কন্যা, পিতা এবং মাতাকে বুঝাবে।
- চলমান কোন প্রকল্প স্থানে নতুন ভাবে এ প্রকল্প গ্রহণ করা যাবে না। ডুপ্লিকেশন প্রকল্পের জন্য ইউনিয়ন কমিটি দায়ী থাকবে।

এমতাবস্থায়, ওয়ার্ড কমিটি ইউনিয়ন কমিটির মাধ্যমে বাস্তবায়নযোগ্য প্রকল্প নির্বাচন, উপকারভোগী বাছাই ও প্রকল্পের পিআইসি গঠনপূর্বক সামাজিক ও পরিবেশগত স্ক্যানিং ফরম পূরণ করে ইউনিয়ন কমিটির সভার কার্যবিবরণীসহ শ্রমিক তালিকা ও প্রকল্প আগামী ০৬-০৪-২০২১ তারিখের মধ্যে এ কার্যালয়ের দুর্যোগ ব্যবস্থাপনা শাখায় দাখিল করার জন্য অনুরোধ করা হল।

  
রাকিব হাসান

উপজেলা নির্বাহী অফিসার  
দেবিদ্বার, কুমিল্লা

চেয়ারম্যান..... ইউপি, দেবিদ্বার, কুমিল্লা

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

- মাননীয় সংসদ সদস্য, কুমিল্লা-৪(দেবিদ্বার)
- জেলাপ্রশাসক, কুমিল্লা
- চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দেবিদ্বার, কুমিল্লা
- জেলা ত্রাণ ও পুনর্বাসন অফিসার, কুমিল্লা
- ইউনিয়ন তদারকী কর্মকর্তা (ট্যাগ অফিসার) ..... দেবিদ্বার, কুমিল্লা